47

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 29 MAY 1995 ... ...
পৃষ্ঠা ৮ কলাম ৭ ...

# শিক্ষাকে নৈতিক ও মানসিক গঠনের হাতিয়ারে পরিণত করা দরকার

**স্টাফ রিপোর্টার ঃ** বৃহস্পতিবার বিকালে অনুষ্ঠিত এক সেমিনারে প্রচলিত শিক্ষা পদ্ধতি পরিবর্তনের ওপর গুরুত্বারোপ করে বলা হয়, রক্ষণশীলতাকে পরিহার করে শিক্ষাকে নৈতিক ও মানসিক গঠনের হাতিয়ারে পরিণত করা দরকার।

'বাংলাদেশের গ্রামীণ স্কুলঃ ঐতিহ্য ও পরিবর্তনের স্বরূপ' শীর্ষক এই সেমিনারের মূল বক্তব্য উপস্থাপন করেন ক্যালিফোর্নিয়া বিশ্ববিদ্যালয়ের রিসার্চ ফেলো ডঃ শারমিন এস খান। তিনি সরকার পরিচালিত কয়েকটি প্রাথমিক বিদ্যালয় এবং এনজিও উপানুষ্ঠানিক কয়েকটি শিক্ষা প্রতিষ্ঠানের ওপর সীমিত পরিসরে নিরীক্ষা চালিয়ে গবেষণাধর্মী এই নিবন্ধটি তৈরি করেন।

তার অভিজ্ঞায় ধরা পড়ে রাষ্ট্র পরিচালিত বিদ্যালয়গুলোর শিক্ষা দান পদ্ধতি যুগোপযোগী হয়। শিক্ষকরা ছাত্রদের সামনে নবদিগন্ত উন্মোচনের চেয়ে রক্ষণশীলতাকেই বেশি পরিমাণে উৎসাহিত করে। অপরদিকে এনজিও সংগঠন ব্র্যাক পরিচালিত উপানুষ্ঠানিক শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে উন্নয়নমুখী মূল্যবোধ সৃষ্টিতে বেশি আগ্রহী।

ডঃ শারমিন এস খান শিক্ষকতার জন্য উন্নততর প্রশিক্ষণ গ্রহণ, শিক্ষার পদ্ধতিকে সহজীকরণ, শিক্ষার সাথে অভিভাবক-অভিভাবিকাদের সম্পৃক্ত করে ফেলা এবং সকল স্তরে সুষ্ঠু তদারকি নিশ্চিতকরণের সুপারিশ করেন।

ধানমণ্ডিস্থ [illegible] উইমেন্স ভলান্টারি এসোসিয়েশন মিলনায়তনে অনুষ্ঠিত এই সেমিনারের আয়োজন ক[illegible]র 'সেন্টার ফর ডেভলপমেন্ট রিসার্চ' বাংলাদেশ (সিডিআরবি) নামক একটি সংগঠন। সংগঠনের চেয়ারম্যান সাবেক মন্ত্রী ডঃ মিজানুর রহমান শেলীর সভাপতিত্বে অনুষ্ঠিত এই সেমিনারে উপস্থিত শ্রোতা-দর্শকদের মধ্য হতে নন-ফর্মাল প্রাইমারি এডুকেশনের সমন্বয়কারী নূরউদ্দীন এস জামান, শিক্ষিকা আনোয়ারা মনসুর, নাইম উদ্দীন, এম আখতার, এম আর রুস্তমসহ বেশ কয়েকজন প্রবন্ধের ওপর আলোচনা করেন।